

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ১৭১.২০১৮- ২০০২

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২৫  
৪ জুন ২০১৮


বিষয় : রীট পিটিশন নং- ৫৯২৭/২০১৮ [ পিটিশনার জনাব মোহাম্মদ জাহিদুল ইসলাম, পিতা- রুহুল আমিন, মাতা- সামসুন নাহার, গ্রাম- ৫৯ তেজকনি পাড়া, ডাকঘর ও থানা- তেজগাঁও, জেলা- ঢাকা সহ মোট ২৮ (আটাশ) জন - বনাম - সরকার ও অন্যান্য ] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ৬.৫.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন উপ-সহকারী প্রকৌশলী পদে কর্মরত কর্মকর্তাগণের সহকারী প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী পদে পদোন্নতির নির্দেশনা চেয়ে ২৮ (আটাশ) জন পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৪ (চার) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করেছেন। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রীটের ৪নং প্রতিপক্ষ হলেন চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজির আলোকে সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যাযিত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।



(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

প্রধান প্রকৌশলী,  
এলজিইডি, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়।
২. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।